

২০২০

বাংলা

(প্রোগ্রাম)

স্কিল এনহ্যান্সমেন্ট কোর্স

(সি বি সি এস পদ্ধতি অনুযায়ী নতুন পাঠক্রম)

চতুর্থ সেমেস্টার

কোর্স কোড : BNGP-SEC-T-2

(প্রতিবেদন, বিজ্ঞাপন ও গবেষণার রীতি পদ্ধতি)

পূর্ণমান : ৪০

সময় : ২ ঘণ্টা

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমান নির্দেশক।

প্রশ্নগুলির উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা প্রয়োজন।

- ১। যে-কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও : $২ \times ৫ = ১০$
- ক) প্রতিবেদন রচনাকারীকে কী বলা হয়? প্রতিবেদন কোন্ ইংরেজি শব্দের পারিভাষিক শব্দ?
- খ) ভালো প্রতিবেদনের দুটি বৈশিষ্ট্য বলো।
- গ) প্রতিবেদনের প্রধান তিনটি অংশ কী কী?
- ঘ) বিজ্ঞাপন কাকে বলা হয়? দুটি লাইনযুক্ত একটি বিজ্ঞাপন রচনা করো।
- ঙ) বিজ্ঞাপনের ভাষার দুটি বৈশিষ্ট্য বলো।
- চ) গ্রন্থপঞ্জি কী? গ্রন্থপঞ্জির প্রয়োজনীয়তা কোথায়?

(পরের পাতায়)

ছ) কোন্ ইংরেজি শব্দের প্রতিশব্দ হিসেবে বাংলায় 'গবেষণা' শব্দটি এসেছে? এর আক্ষরিক অর্থ কী?

জ) গবেষণার প্রধান স্তরগুলি কী কী? গবেষণার বিষয় নির্বাচন কীভাবে করা উচিত?

২। যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : $৫ \times ২ = ১০$

ক) করোনা পর্বে বাজি ফাটানো বিষয়ে কলকাতা হাইকোর্টের সাম্প্রতিক সময়ের রায়দান বিষয়ে একটি প্রতিবেদন রচনা করো।

খ) 'শরীরে রোগ প্রতিরোধ ক্ষমতা বৃদ্ধি করবে — এমন একটি আয়ুর্বেদিক চ্যবনপ্রাশ তৈরি করেছে। তুমি এ বিষয়ে একটি আদর্শ বিজ্ঞাপন রচনা করো।

গ) গবেষণায় তথ্যসংগ্রহ কীভাবে করা হয় সে বিষয়ে একটি প্রবন্ধ রচনা করো।

ঘ) গবেষণার কয়েকটি সাধারণ বৈশিষ্ট্য আলোচনা করো।

৩। যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : $১০ \times ২ = ২০$

ক) 'অনলাইন পঠনপাঠন ও উচ্চশিক্ষার হাল হকিকত' বিষয়ে একটি গবেষণাপত্রের সংক্ষিপ্তসার রচনা করো।

খ) গবেষণাপত্র লেখার পদ্ধতি বিষয়ে আলোকপাত করো।

গ) মুদ্রিত সংবাদপত্রের বিজ্ঞাপন এবং টেলিভিশনের বিজ্ঞাপনের পার্থক্যগুলো আলোচনা করো।

ঘ) তোমার এলাকায় আর্সেনিক দূষণ বিষয়ে সংবাদপত্রে প্রকাশের উপযোগী একটি প্রতিবেদন রচনা করো।